

ফতওয়া নং ৪৫৭

প্রশ্ন

হাদিস অনুযায়ী ওমর রাদিয়াল্লাহু তা'আলা আনহুকে কিভাবে শহীদ করা হয়েছিল।

উত্তর:

হজরত উমর (রাঃ) শহীদ হন ২৬ জিলহজ ২৩ হিজরী, বুধবার, ৩১ অক্টোবর ৬৪৪ খ্রিস্টাব্দে। তিনি ফজরের নামাজের সময় আবু লুলু নামক মজুসির ছুরির আঘাতে গুরুতরভাবে আহত হন। তিন রাত আহত অবস্থায় বেঁচে ছিলেন। ২৯ জিলহজ, ৩ নভেম্বর, ৬৪৪ খ্রিস্টাব্দে তাঁর ইন্তেকাল ঘটে। ১ মুহররম ২৪ হিজরী তার সম্মানিত মাজারে দাফন করা হয়। হজরত সুহায়ব (রাঃ) তাঁর জানাজা পড়ান। (আল-বিদায়া ওয়ান্নিহায়া ৭/১৩৭)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৮ সফর, ১৪৪৬ হিজরী (**24/08/2024**)